গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.২৫০.১১.০৫৯.২৪.১৫৩ | তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

# প্রজ্ঞাপন

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে উপসহকারী প্রকৌশলী (ল্যাব) পদে জনাব মোঃ অনিক মাহমুদ, পিতা: মোঃ নজরুল ইসলাম, মাতা: মোছাঃ কারিমা বিবি, গ্রাম: অভ্যাগতপাড়া, ডাক: হাটগাঙ্গোপাড়া-৬২৫০, থানা: বাগমারা, জেলা: রাজশাহী-কে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

শর্তসমূহ :

(ক) চাকরিতে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(গ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;

(ঘ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঙ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(চ) উল্লিখিত শর্তে রাজি থাকলে আগামী ২০ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মুশতানজিদা
২৭.০৭.২০২৬

মুশতানজিদা পারভীন
উপসচিব
ফোন: ০২-২২২৪৬৯৩৮
E-mail: d25@mod.gov.bd



CamScanner

নম্বর-২৩.০০.০০০০.২৫০.১১.০৫৯.২৪.১৫৩

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি, মিরপুর সেনানিবাস, ঢাকা;
৪। যুগ্মসচিব, অধিশাখা-১, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। সিস্টেম অ্যানালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৭। অর্থ নিয়ন্ত্রক (বিবিধ), ঢাকা সেনানিবাস, ঢাকা;
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ); এবং
৯। জনাব মোঃ অনিক মাহমুদ, পিতা: মোঃ নজরুল ইসলাম, মাতা: মোছাঃ কারিমা বিবি;
বর্তমান ঠিকানা: গ্রাম: অভ্যাগতপাড়া, ডাক: হাটগাঙ্গোপাড়া-৬২৫০, থানা: বাগমারা, জেলা: রাজশাহী;
স্থায়ী ঠিকানা: গ্রাম: অভ্যাগতপাড়া, ডাক: হাটগাঙ্গোপাড়া-৬২৫০, থানা: বাগমারা, জেলা: রাজশাহী।

২৭.০৭.২০২৬
মুশতানজিদা পারভীন
উপসচিব



CamScanner